



নির্বাচনী সমাবেশে যোগ দেওয়ার জন্য সিলেটে তারেক রহমান



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে প্রচারণায় অংশ নিতে সিলেটে পৌঁছেছেন বিএনপির চেয়ারম্যান তারেক রহমান।

বুধবার (২১ জানুয়ারি) রাত ৮টার পর বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ফ্লাইটে তিনি এমএজি ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করেন। সফরের প্রথম দিন রাতে তিনি হযরত শাহজালাল (রহ.)-এর মাজার জিয়ারত করবেন। পরদিন সকালে সিলেট আলিয়া মাদ্রাসা মাঠে আয়োজিত নির্বাচনী সমাবেশে বক্তব্য দেওয়ার কথা রয়েছে।

সিলেট সফরের ধারাবাহিকতায় তারেক রহমান মৌলভীবাজার সদর উপজেলার শেরপুরের আইনপুর খেলার মাঠ, হবিগঞ্জের শায়েস্তাগঞ্জ প্রস্তাবিত উপজেলা মাঠ, ব্রাহ্মণবাড়িয়ার সরাইল উপজেলার কুটুপাড়া খেলার মাঠ, কিশোরগঞ্জের ভৈরব স্টেডিয়াম, নরসিংদী পৌরসংলগ্ন এলাকা এবং নারায়ণগঞ্জের আড়াইহাজার উপজেলার রূপগঞ্জের গাউসিয়া এলাকায় পৃথক সমাবেশে অংশ নেবেন।

LENS ASIA